



“স্মার্ট শিক্ষা স্মার্ট দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র  
ফেঞ্চুগঞ্জ, সিলেট



“একটাই লক্ষ্য  
হতে হবে দক্ষ”

## ASSET প্রকল্পের আওতায় সম্পূর্ণ ফ্রি প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর আওতাধীন ফেঞ্চুগঞ্জ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি), সিলেটে নিম্নবর্ণিত কোর্সসমূহ সরকারি খরচে শুধুমাত্র বেকার যুব পুরুষ ও মহিলা, অনগ্রসর, হতদরিদ্র সুবিধাবঞ্চিত এবং প্রতিবন্ধীদের কর্মসংস্থানের লক্ষ্যে Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের আওতায় মে-জুলাই/২০২৪ খ্রি: সেশনে ০৩ মাস মেয়াদী নিম্নবর্ণিত কোর্সে ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি ফরম অত্র প্রতিষ্ঠান থেকে সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে।

ক্র. নং	কোর্স সমূহ	BNQF(NSDA) NTVQF(BTEB) Level	আসন সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বয়স	ক্রাসের সময়	মন্তব্য
০১	কম্পিউটার অপারেশন	NTVQF Level-3	২০	এস.এস.সি./সমমান	১৮-৪০ বছর	সকাল-৯:০০ ঘটিকা হতে দুপুর- ৩:০০ ঘটিকা পর্যন্ত	নিয়মিত ক্রাস করতে না পারলে আবেদন করার প্রয়োজন নাই।
০২	গ্রাফিক্স ডিজাইন	NTVQF Level-3	২০	এস.এস.সি./সমমান ও কম্পিউটার জ্ঞান সম্পন্ন	১৮-৪০ বছর		
০৩	ইলেকট্রিক্যাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স	NTVQF Level- 1	২০	৮ম শ্রেণি/সমমান	১৮-৪০ বছর		
০৪	মেশনারী ওয়ার্কস	NTVQF Level-1	২০	৮ম শ্রেণি/সমমান	১৮-৪০ বছর		

### ফরম বিতরণ ও জমা দানের কার্যক্রম :-

- ফরম বিতরণ ও জমা : ২৫/০৪/২০২৪ খ্রিঃ হতে ৩০/০৪/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ শাখা হতে।
- ভর্তি পরীক্ষা : ০২/০৫/২০২৪ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় (অত্রকেন্দ্র)।
- ভর্তি পরীক্ষার ফলাফল : ০২/০৫/ ২০২৪ খ্রিঃ অত্র কেন্দ্রের নোটিশ বোর্ডে/facebook page (Fenchuganj Ttc)
- ভর্তির তারিখ : ০৪/০৫/২০২৪ খ্রিঃ হতে ০৫/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ শাখা (অত্র কেন্দ্র)।  
অপেক্ষমান তালিকা ০৬/০৫/২০২৪ খ্রিঃ তারিখে।

### প্রশিক্ষণ কার্যক্রম শুরু : ০৭/০৫/২০২৪ খ্রিঃ সকাল ৯:০০ ঘটিকায়

#### ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র :-

- ১। সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি।
- ২। NID/Birth Registration Certificate এর ফটোকপি।
- ৩। শিক্ষাগত যোগ্যতা সনদের ফটোকপি।
- ৪। প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রমানে সমাজসেবা/ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক সনদপত্রের সত্যায়িত কপি।

#### সুবিধা সমূহ:-

- ১। নিয়মিত উপস্থিতি সাপেক্ষে সাধারণ প্রশিক্ষণার্থীদেরকে প্রতিমাসে ১৫০০ টাকা এবং নারী, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রশিক্ষণার্থীগণকে প্রতিমাসে ২০০০ টাকা প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ২। যাতায়াত ভাতা হিসেবে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক ৮০ টাকা হারে মাসিক সর্বোচ্চ ১৭৬০ টাকা প্রদান করা হবে।
- ৩। প্রশিক্ষণার্থীদের উপস্থিতি Facial Recognition Camera এবং Biometric এর মাধ্যমে নিশ্চিত করা হবে।
- ৪। একজন প্রশিক্ষণার্থী একই কোর্সের উচ্চতর প্রশিক্ষণ নিতে পারবে তবে একাধিক কোর্স বা অকুপেশনে প্রশিক্ষণ নিতে পারবে না।
- ৫। সকল ধরনের সম্মানী ও প্রশিক্ষণ ভাতা ব্যাংকিং চ্যানেলে বা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদান করা হবে।
- ৬। NTVQF/ BNQF পদ্ধতিতে BTEB/NSDA এর CS অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ৭। প্রশিক্ষণ শেষে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের Affiliated Short Courses of Ministry Affiliation (BMET) এর সনদ প্রদান করা হবে।

ভর্তির জন্য যোগাযোগ (প্রশিক্ষণ শাখা)-

০১৯২৭৬৯৪৯৫১, ০১৫৮১-৮৯১৪০৭

মোঃ আব্দুর রহিম  
অধ্যক্ষ  
কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র  
ফেঞ্চুগঞ্জ, সিলেট

নোট : যে কোন পরিবর্তন/পরিমার্জন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।